# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫৯৯

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/১০৬. প্রতিটি লোমকূপে নাপাকী আছে।

بَاب تَحْتَ كُلِّ شَعَرَةٍ جَنَابَةٌ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا الأَسْوَدُ بْنُ عَامِرٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ، عَنْ زَاذَانَ، عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ، عَنِ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " مَنْ تَرَكَ مَوْضِعَ شَعَرَةٍ مِنْ جَسَدِهِ مِنْ جَنَابَةٍ لَمْ يَغْسِلْهَا فُعِلَ بِهِ كَذَا وَكَذَا مِنَ النَّارِ " . قَالَ عَلِيٌّ فَمِنْ ثَمَّ عَادَيْتُ شَعَرِي . وَكَانَ يَجُزُّهُ .

বাংলা

৩/৫৯৯। আলী ইবনু আবূ তালিব (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যাক্তি নাপাকির গোসলে তার দেহের একটি পশমও (না ধুয়ে) ছেড়ে দেয়, সে গোসলই করেনি। তাকে জাহান্নামের এই এই শাস্তি দেয়া হবে। আলী বলেন, এরপর থেকে আমি আমার চুলের সাথে শত্রতা করে আসছি। তিনি তার মাথা মুন্ডন করতেন।

## English

It was narrated from 'Ali bin Abu Talib that:
The Prophet said: "Whoever leaves an area the size of a hair on his body and does not cleanse it from sexual impurity, such and such will be done to him in the Fire." 'Ali said: "Because of that I am hostile towards my hair," and he used to shave his head.

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আবূ দাউদ ২৪৯, আহমাদ ৭২৯, ৭৯৬, ১১২৪; দারিমী ৭৫১।

তাহক্বীক্ব আলবানী: যঈফ। তাখরীজ আলবানী: যঈফ আবূ দাউদ ৩৮, ইরওয়াউল গালীল ১৩৩। উক্ত হাদিসের

রাবী আতা বিন সায়িব সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সিকাহ, তবে তার থেকে পূর্বে যারা হাদিস শ্রবন করেছে তা সহিহ। ইয়াকুব বিন সুফইয়ান বলেন, তিনি সিকাহ তবে মৃত্যুর পূর্বে স্মৃতিশক্তি লোপ পেয়েছিল। আবু হাতিম আর-রাযী ও মুহাম্মাদ বিন সা'দ বলেন, তিনি সত্যবাদী কিন্তু মৃত্যুর পূর্বে হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🞎 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=10817

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন